

স্মারক নং-৩২.০১.৭৬৩৯.০০০.১৬.০৯২.১৯- ২১


তারিখ: ০২/০৩/২০২৫খ্রি.

প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ঈশ্বরদী, পাবনা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ২০২৫-২০২৬ অর্থ বছরের এপ্রিল-২০২৬ হতে জুন-২০২৬ খ্রিঃ পর্যন্ত ০৩(তিন) মাস মেয়াদের জন্য সেলাই প্রশিক্ষণ ট্রেডে ৩০ জন প্রশিক্ষার্থী নিম্নলিখিত শর্তসাপেক্ষে ভর্তি করা হবে। অত্র কার্যালয় হতে সরবরাহকৃত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী :

- ০১। আবেদনকারীকে অবশ্যই দুঃস্থ ও দরিদ্র হতে হবে। অবিবাহিতা/বিধবা/তালাকপ্রাপ্তা/স্বামী পরিত্যক্তা/ দুঃস্থ ও অসহায় মহিলা ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।
- ০২। আবেদন পত্রের সাথে পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান এর নাগরিকত্ব সনদপত্র, জন্মানিবন্ধন/ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ফটোকপি, সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি সত্যায়ন পূর্বক সংযুক্ত করতে হবে।
- ০৩। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৫ম শ্রেণী।
- ০৪। আবেদনকারীর বয়স ১৬ থেকে ৪৫ বছর হতে হবে।
- ০৫। ইতিপূর্বে অত্র দপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত মহিলা আবেদন করতে পারবেন না।
- ০৬। আবেদন পত্র আগামী ২৫/০৩/২০২৬খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে।
- ০৭। অত্র কার্যালয়ে আগামী ৩০/০৩/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় আবেদনকারীদের সাক্ষাতকার গ্রহণ করা হবে (সাক্ষাতকার গ্রহণের জন্য কোন পত্র জারী করা হবে না)।
- ০৮। প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ চলাকালীন অবস্থায় ১০০/- (একশত) টাকা করে প্রশিক্ষণ ভাতা দেওয়া হবে। অনুপস্থিত ও ছুটির দিনে কোন ভাতা প্রদান করা হবে না।
- ০৯। অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ দেওয়া হবে।


(সুবির কুমার পাল)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ঈশ্বরদী, পাবনা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা।
- ০২। প্রশাসক, ঈশ্বরদী পৌরসভা
- ০৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, পাবনা।
- ০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ঈশ্বরদী, পাবনা।
- ০৫। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ঈশ্বরদী, পাবনা।
- ০৬। নোটিশ বোর্ড।
- ০৭। অফিস কপি।